

“থাকব ভালো, রাখব ভালো দেশ
বৈধ পথে প্রবাসী আয়-গড়ুর বাংলাদেশ”



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
কর্মসংস্থান শাখা-০২
প্রবাসী কল্যাণ ভবন, ইক্সটন গার্ডেন, ঢাকা।
www.probashi.gov.bd

নথি নং-৪৯.০০.০০০০.০৮৮.১৮.১৮৮.২০২৩-১৭/৬

তারিখ: ০৬ মার্চ, ২০২৩ খ্রি.

বিষয়: ৪ বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের সত্যায়ন ব্যতীত কর্মী বিদেশে প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সম্প্রতি প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের দৃষ্টিগোচর হয়েছে যে, বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের সত্যায়ন ব্যতীত বিদেশে কর্মী প্রেরণ করার ফলে তারা বিভিন্ন রকম প্রতারণা ও হয়রানির শিকার হচ্ছেন। বিষয়টি ইলেক্ট্রনিক মিডিয়া ও পত্র-পত্রিকা প্রকাশিত হচ্ছে, যার কারণে বিদেশে জনশক্তি রঞ্জনী কার্যক্রমে বিরূপ প্রভাব পড়ছে এবং দেশের ভাবমূর্তি ক্ষুণ্ণ হচ্ছে।

০২। সত্যায়ন বিষয়ে মন্ত্রণালয়ের পূর্বের বিভিন্ন আদেশ ও যোগাযোগপত্রে সুস্পষ্টভাবে জানানো হয়েছে যে, বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী ব্যবস্থাপনা বিধিমালা ২০১৭ এর বিধি ৬ এর উপ-বিধি (১) ও (২) অনুযায়ী অভিবাসী কর্মীর সংখ্যা যাই হোক না কেন বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের সত্যায়ন ব্যতীত এবং সত্যায়ন না থাকলে মন্ত্রণালয়ের অনুমতি ব্যতীত বিএমইটি কর্তৃক কোন চাহিদাপত্র প্রক্রিয়াকরণ করার সুযোগ নেই। তবে একই বিধিমালার বিধি ১১ অনুযায়ী ব্যক্তিগত ভিসা সংগ্রহকারী কর্মীদের জন্য ফরম-৫ এ বিএমইটির নিকট আবেদন করতে হবে এবং উক্ত ক্ষেত্রে চাহিদাপত্র সত্যায়নের প্রয়োজন হবে না এবং কোন রিক্রুটিং এজেন্ট উক্ত প্রক্রিয়ায় সংশ্লিষ্ট থাকবে না।

০৩। এমতাবস্থায়, নিরাপদ ও গতিশীল অভিবাসনের স্বার্থে বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী ব্যবস্থাপনা বিধিমালা ২০১৭ এর উল্লিখিত বিধি অনুসরণপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(শিমুল কুমার সাহা)

সিনিয়র সহকারী সচিব

ফোন-৮১০৩০২৫২

ই-মেইল: sasemployment2@probashi.gov.bd

বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সী (বায়রা)

বায়রা ভরন, ১৩০, নিউ ইক্সটন রোড, ঢাকা-১০০০। ফোনঃ ৮১০৩২১৩৬-৩৮

বায়রা/৩(৯)/২০২৩/২৫৮

তারিখ: ০৭/০৩/২০২৩

সদয় অবগতি ও সান্তুষ্ট ব্যবস্থা গ্রহণের জন্য বায়রা'র সকল সম্মানিত সদস্য বরাবর অনুলিপি প্রেরণ করা হলো।

আবু বকর আবু
সচিব, বায়রা।

বিতরণ- সদয় কার্যার্থে সম্মানিত সদস্য (সকল)

বায়রা (বায়রা নেটিশ বোর্ড, ই-মেইল, ওয়েবসাইট, হোয়ার্টসঅ্যাপ প্রক্ষেপণে প্রেরিত)।

সদয় জ্ঞাতার্থেঁ: ১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।

২। জনাব শিমুল কুমার সাহা, সিনিয়র সহকারী সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।

৩। সম্মানিত সভাপতি, বায়রা, বায়রা ভরন, ১৩০, নিউ ইক্সটন রোড, ঢাকা।

৪। সম্মানিত মহাসচিব, বায়রা, বায়রা ভরন, ১৩০, নিউ ইক্সটন রোড, ঢাকা।